# গাবতলী পৌরসভা কার্যালয়
## গাবতলী, বগুড়া।

স্মারক নং- ৪৬.৫০.১০৪০.১০০.০০১.২০২৩/০১ তারিখ ঃ ০৮/১/২০২৩ইং

# নোটিশ-২৩

এতদ্বারা গাবতলী পৌরসভার সম্মানিত কাউন্সিলরগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী -১৬/০১/২০২৩ইং রোজ- সোমবার বেলা- ১২.০০ ঘটিকায় গাবতলী পৌরসভা কার্যালয়ে মাসিক সাধারন সভা আহবান করা হয়েছে । উক্ত সভায় যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হ'ল।

**স্থান ঃ- পৌরসভার হল রুম।**

**আলোচ্য বিষয় ঃ-**

১। পূর্ব সভার রেজুলেশন পঠন ও অনুমোদন ।
২। TEC কমিটি পূনঃ গঠন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।
৩। কর আদায় বিষয়ে সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন ।
৪। জন্ম ও মৃত্যু নিবন্ধনের টার্গেট ও বাস্তবায়নের হার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।
৫। জরুরী ভিত্তিতে রাস্তা সংস্কার করন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।
৬। ডেঙ্গু, মশক নিধন ও পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন ।
৭। লোকাল মভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি প্রজেক্ট (পিআইইউ) গঠন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।
৮। ট্রেড লাইসেন্স তদারকি করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।
৯। পৌরসভায় কুইক রেসপন্স টিম গঠনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।
১০। হোল্ডিং নম্বর প্লেট লাগানো বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।
১১। বিবিধ ।

স্বাক্ষরিত
(মোঃ সাইফুল ইসলাম)
মেয়র
গাবতলী পৌরসভা, বগুড়া ।
মোবাইল নং০১৯১৫-৬৩৫৮২৬

বিতরণ ঃ-

১। সংশ্লিষ্ট ------- ওয়ার্ড/সংরক্ষিত কাউন্সিলর গাবতলী পৌরসভা, বগুড়া ।
২। অফিস কপি।

# গাবতলী পৌরসভা কার্যালয়
## গাবতলী, বগুড়া ।
## সভা নং-২৩

সভাপতি ঃ জনাব মোঃ সাইফুল ইসলাম
মেয়র
গাবতলী পৌরসভা, বগুড়া।

তারিখ ও সময় ঃ ১৬/০১/২০২৩খ্রিঃ রোজঃ সোমবার, সময়ঃ বেলা-১২.০০ ঘটিকা।

স্থান ঃ গাবতলী পৌরসভা কার্যালয়, গাবতলী, বগুড়া।

সভায় উপস্থিতি ঃ পরিশিষ্ট খ।

আলোচ্য সূচি ঃ পূর্ব সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

সভাপতি সাহেব উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন ।

| ক্রমিক নং | প্রস্তাব | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | কাজ বাস্তবায়নের সময়/ অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানির জন্য সভায় প্রস্তাব করা হয় । | সভাপতির অনুমতিক্রমে গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় । | গত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। | মেয়র, গাবতলী পৌরসভা | |
| ২ | TEC কমিটি পূনঃ গঠন বিষয়ে সভায় প্রস্তাব করা হয়। | সভায় জানানো হয় যে, গাবতলী পৌরসভার বাংলা ১৪৩০ সালের জন্য নারুয়ামালা ও বাইগুনী হাট বাজার, গাবতলী, দাড়াইল, নাড়ুয়ামালা পৌর সিএনজি অটো রিক্সা ষ্ট্যান্ড (সকল যান) এবং নাড়ুয়ামালা, গাবতলী, বাইগুনি, দাড়াইল বাজার পশু জবেহ খানা ইজারা দরপত্রের জন্য TEC কমিটি পূনঃ গঠন প্রয়োজন ।<br>আলোচনায় সকল কাউন্সিলর সক্রিয় অংশ গ্রহণ করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ০৭ সদস্য বিশিষ্ট একটি TEC কমিটি পূনঃ গঠন করা হলো<br>কমিটি নিম্নরুপ<br>১। মোছাঃ আঞ্জুয়ারা বেগম আহবায়ক<br>সংরক্ষিত কাউন্সিলর ওয়ার্ড নং ৪,৫,৬<br>প্যানেল মেয়র ০১ গাবতলী পৌরসভা, বগুড়া।<br>২। সহকারী কমিশনার (ভূমি) সদস্য<br>গাবতলী, বগুড়া ।<br>৩। উপ বিভাগীয় প্রকৌশলী- (পুর) উপবিভাগ, পানি উন্নয়ন রোর্ড, বগুড়া । সদস্য<br>৪। মোঃ ওবাইদুর রহমান সদস্য<br>কাউন্সিলর, ওয়ার্ড নং ০৮<br>গাবতলী পৌরসভা, বগুড়া।<br>৫। মোঃ মোস্তাফিজুর রহমান সদস্য<br>কাউন্সিলর ওয়ার্ড নং-৩<br>গাবতলী পৌরসভা, বগুড়া।<br>৬। মোছাঃ লাবলী আকতার (তুলি) সদস্য<br>সংরক্ষিত কাউন্সিলর ৭,৮,৯<br>গাবতলী পৌরসভা, বগুড়া ।<br>৭। মোঃ শফি মাহমুদ<br>সহকারী প্রকৌশলী (সিভিল) (অঃ দায়ীত্ব) | মেয়র, গাবতলী পৌরসভা | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | গাবতলী পৌরসভা, বগুড়া । সদস্য সচিব<br><br>কমিটিকে বাস্তবায়নের সিদ্ধান্ত দিয়ে সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়। | | |
| ০৩ | পৌরসভার হোল্ডিং ট্যাক্স আদায় বিষয়ে সভায় প্রস্তাব করা হয়। | সভায় জানানো হয় যে, গাবতলী পৌরসভার হোল্ডিং কর আদায় ৫৫% (শতকরা পঞ্চান্ন ভাগ) হয়েছে। উপপরিচালক স্থানীয় সরকার বগুড়া মহোদয়ের পরিদর্শনে সন্তোষজনক নয় মর্মে প্রতিবেদন প্রদান করেছেন। সরকারী নির্দেশনা মোতাবেক প্রত্যেক পৌরসভাকে ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) এর নিচে পৌর কর আদায় হলে পৌরসভার বিভিন্ন প্রকল্প চুক্তি হওয়া এবং অন্যান্য সরকারি বরাদ্দ পাওয়ার ক্ষেত্রে সমস্যা তৈরী হবে। পৌরসভার রাজস্ব আদায়ে সকল কাউন্সিলরের অংশ গ্রহন প্রয়োজন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে পৌর কর যথাযথ ভাবে আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং আদায়ের হার ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) পৌর কর আদায় করার বিষয়ে সকলে একমত হন। | মেয়র, গাবতলী পৌরসভা | |
| ০৪ | জন্ম ও মৃত্যু নিবন্ধনের টার্গেট ও বাস্তবায়নের হার বিষয়ে সভায় প্রস্তাব করা হয়। | সভায় আলোচনা হয় যে, গাবতলী পৌরসভার সাপ্তাহিক জন্ম নিবন্ধন টার্গেট ০৯ (নয়) জন। এই টার্গেট পূরণের জন্য পৌর পরিষদের সকল কাউন্সিলর এবং দায়িত্ব প্রাপ্তগণকে একযোগে কাজ করতে হবে। সাপ্তাহিক এবং মাসিক রির্পোট নিয়মিত জেলা প্রশাসক, বগুড়া মহোদয়ের কার্যালয়ে বিনা ব্যার্থতায় প্রেরণ করতে হবে। আলোচনায় সকল কাউন্সিলরের অংশ গ্রহন করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে টার্গেট পুরনে সক্রিয় থাকার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | মেয়র, গাবতলী পৌরসভা | |
| ০৫ | জরুরী ভিত্তিতে রাস্তা সংস্কার করার জন্য সভায় প্রস্তাব করা হয়। | সভাপতি সাহেব জানান যে, পৌর এলাকায় যে সকল রাস্তা নষ্ট হয়েছে অথবা চলাচলের অনুপযোগী হয়েছে সে সকল রাস্তাগুলি জরুরী ভিত্তেতে মাটি ভরাট করে জনসাধারনের চলাচলের উপযোগী করা অতীব জরুরী । উপসহকারী প্রকৌশলী (সিভিল) জনাব কাজী মোঃ রবিউল ইসলাম কে সরোজমিনে পরিদর্শন করে রাস্তাগুলির তালিকা প্রস্তুত করার জন্য বলা হয় ।<br>আলোচনায় সকল কাউন্সিলর সক্রিয় অংশ গ্রহণ করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য উপসহকারী প্রকৌশলী (সিভিল) কে সরজমিনে পরিদর্শন করে এষ্টিমেট তৈরী এবং প্রাক্কলিত ব্যয়ের প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দেয়ার জন্য মেয়র গাবতলী পৌরসভা কে অনুরোধ করে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় । | মেয়র, গাবতলী পৌরসভা | |
| ০৬ | ডেঙ্গু, মশক নিধন ও পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ে সভায় প্রস্তাব করা হয় । | ডেঙ্গু, মশক নিধন ও পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান চলমান রয়েছে । জনগনের স্বাস্থ্য ঝুকির কথা মাথায় রেখে এই কার্যক্রম চলমান রাখা জরুরী । আলোচনায় সকল কাউন্সিলর সক্রিয় অংশ গ্রহন করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিডিউল মোতাবেক<br>২২/০১/২০২৩ রবিবার ১নং ওয়ার্ডে আগাছা পরিস্কার ও মশক নিধন স্প্রে।<br>২৩/০১/২০২৩ সোমবার ২নং ওয়ার্ডে আগাছা পরিস্কার ও মশক নিধন স্প্রে।<br>২৪/০১/২০২৩ মঙ্গলবার ৩নং ওয়ার্ডে আগাছা পরিস্কার ও মশক নিধন স্প্রে।<br>২৫/০১/২০২৩ বুধবার ৪নং ওয়ার্ডে আগাছা পরিস্কার ও মশক নিধন স্প্রে।<br>২৬/০১/২০২৩ বৃহঃবার ৫নং ওয়ার্ডে আগাছা পরিস্কার ও মশক নিধন স্প্রে।<br>২৭/০১/২০২৩ শুক্রবার ৬নং ওয়ার্ডে আগাছা পরিস্কার ও মশক নিধন স্প্রে।<br>২৮/০১/২০২৩ শনিবার ৭নং ওয়ার্ডে আগাছা পরিস্কার ও মশক নিধন স্প্রে।<br>২৯/০১/২০২৩ রবিবার ৮নং ওয়ার্ডে আগাছা পরিস্কার ও মশক নিধন স্প্রে।<br>৩০/০১/২০২৩ সোমবার ৯নং ওয়ার্ডে আগাছা পরিস্কার ও মশক নিধন স্প্রে<br>অভিযান কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় । | মেয়র, গাবতলী পৌরসভা | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৭ | লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি প্রজেক্ট (পিআইইউ) গঠন বিষয়ে সভায় প্রস্তাব করা হয় । | সভাপতি সাহেব জানান যে, লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি প্রজেক্ট (পিআইইউ) গঠন করা প্রয়োজন ।<br><br>আলোচনায় সকল কাউন্সিলর সক্রিয় অংশ গ্রহন করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ০৬ সদস্য বিশিষ্ট একটি লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি প্রজেক্ট (পিআইইউ) গঠন করা<br>কমিটি নিম্নরুপ<br>১। মোঃ সাইফুল ইসলাম, মেয়র গাবতলী পৌরসভা, বগুড়া।<br>২। মোঃ শাহীন মাহমুদ, পৌর নির্বাহী কর্মকর্তা, গাবতলী পৌরসভা, বগুড়া ।<br>৩। মোঃ শফি মাহমুদ, সহকারী প্রকৌশলী (সিভিল) (অঃ দায়ীত্ব) গাবতলী পৌরসভা ।<br>৫। মোঃ সামছুল হক, টিকাদান সুপারভাইজার, গাবতলী পৌরসভা, বগুড়া ।<br>৬। মোহাম্মদ খুরশীদ আলম, হিসাব রক্ষক, গাবতলী পৌরসভা, বগুড়া । | মেয়র, গাবতলী পৌরসভা | |
| ০৮ | ট্রেড লাইসেন্স তদারকি করার বিষয়ে সভায় প্রস্তাব করা হয়। | এ বিষয়ে সভায় প্রস্তাব করা হলে সকল কাউন্সিলর আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচনায় জানান হয় যে, প্রতি বছর ব্যবসায়ীরা পৌর এলাকার ব্যবসা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স সঠিক ভাবে নবায়ন করে না । এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা জরুরী এবং কমিটি গঠনের বিষয়ে সভায় আলোচনা করা হয় । | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ০৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়।<br>কমিটি নিম্নরুপ<br>১। মোঃ গোলাম রব্বানী (রতন)- আহবায়ক<br>কাউন্সিলর ৭নং ওয়ার্ড<br>গাবতলী পৌরসভা, বগুড়া ।<br>২। মোঃ ওবাইদুর রহমান- সদস্য<br>কাউন্সিলর ৮নং ওয়ার্ড<br>গাবতলী পৌরসভা, বগুড়া ।<br>৩। মোঃ সাদিস হাসান সিদ্দিক- সদস্য সচিব<br>কাউন্সিলর ৬নং ওয়ার্ড<br>গাবতলী পৌরসভা, বগুড়া ।<br><br>কমিটিকে সরজমিনে তদারকী করে সুপারিশের দায়ীত্ব দিয়ে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | মেয়র, গাবতলী পৌরসভা | |
| ০৯ | ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের জন্য পৌরসভায় কুইক রেসপন্স টিম গঠনের বিষয়ে সভায় প্রস্তাব করা হয়। | সভাপতি সাহেব জানান যে, পৌর এলাকায় ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের জন্য পৌরসভায় কুইক রেসপন্স টিম গঠন করা প্রয়োজন । এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা জরুরী এবং কমিটি গঠনের বিষয়ে সভায় আলোচনা করা হয় ।<br><br>আলোচনায় সকল কাউন্সিলর সক্রিয় অংশ গ্রহন করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ০৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়।<br>কমিটি নিম্নরুপ<br><br>১। মোঃ আমিনুল ইসলাম- আহবায়ক<br>স্যানেটারী ইন্সেপেক্টর, গাবতলী পৌরসভা ।<br>২। মোঃ সামছুল হক - সদস্য<br>টিকাদান সুপারভাইজার, গাবতলী পৌরসভা ।<br>৩। মোঃ মাসুদ - সদস্য<br>গাবতলী পৌরসভা, বগুড়া ।<br><br>কমিটিকে বাস্তবায়নের সিদ্ধান্ত দিয়ে সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | মেয়র, গাবতলী পৌরসভা | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১০ | হোল্ডিং নম্বর প্লেট লাগানো বিষয়ে সভায় প্রস্তাব করা হয়। | সভাপতি সাহেব জানান যে, পৌর এলাকায় হোল্ডিং নম্বর প্লেট লাগানোর জন্য একটি আর্থ- সামাজিক ও সেবামুলক প্রতিষ্ঠান (তোমাদের জন্য) আবেদন করেছে । উক্ত প্রতিষ্ঠানকে পৌর এলাকায় বাসা-বাড়ীতে হোল্ডিং নম্বর প্লেট লাগানোর দায়ীত্ব দেয়া হয় ।<br><br>আলোচনায় সকল কাউন্সিলর সক্রিয় অংশ গ্রহন করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে হোল্ডিং নম্বর প্লেট লাগানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | | |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন ।

স্বাক্ষরিত
(মোঃ সাইফুল ইসলাম)
মেয়র
গাবতলী পৌরসভা, বগুড়া।
মোবাইল নম্বর ০১৯১৫৬৩৫৮২৬

স্মারক নং- ৪৬.৫০.১০৪০.১০০.০০১.২০২৩/ ১৭ তারিখ ঃ৩১/১/২০২৩

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।
৪। অফিস কপি।

(মোঃ সাইফুল ইসলাম)
মেয়র
গাবতলী পৌরসভা, বগুড়া।
মোবাইল নম্বর ০১৯১৫৬৩৫৮২৬